

## রাজশাহীতে প্রতিবন্ধী কল্যান কমপ্লেক্স এর ভিত্তিপ্রস্তর স্থাপিত

আশফাক উল কবীরঃ বাংলাদেশের উত্তরাঞ্চলে প্রতিবন্ধী মানুষের সংখ্যা প্রায় ৪০ লক্ষ। কিন্তু সে তুলনায় প্রতিবন্ধী কল্যান কেন্দ্র বা কর্মসূচীর সংখ্যা অতি অপ্রতুল। তরী ফাউণ্ডেশন উত্তরাঞ্চলের প্রতিবন্ধী জনগোষ্ঠীর অবস্থা উপলক্ষ্য করে রাজশাহীতে ৩৭ কাঠা জমির উপর "তরী মাল্টি পারপাস কমপ্লেক্স অন ডিজাবিলিটি" নামে একটি কমপ্লেক্স নির্মানের উদ্দেয়গ গ্রাহন করেছে। গত ১৩ই ডিসেম্বর ২০১১ পারিলা'য় কমপ্লেক্স এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন রাজশাহী সিটি করপরেশনের মেয়র জনাব এ এইচ এম খায়রুজ্জামান লিটন।



পরিকল্পিত এই কমপ্লেক্সে একই ছাদের নীচে প্রতিবন্ধী জনগোষ্ঠী সম্মান্য সকল প্রকার সেবা গ্রহন করতে পারবে। এ কমপ্লেক্স-এ থাকবে প্রতিবন্ধীবান্ধব হাসপাতাল, রিহাব সেন্টার, বিশেষ ও একীভূত



বিদ্যালয়, ট্রেনিং সেন্টার, কমিউনিটি সেন্টার ইত্যাদি। এ ছাড়াও এখানে থাকবে ১০০ বেডের সেন্টার হোম যেখানে অভিভাবকহীন প্রতিবন্ধী পুরুষ ও মহিলা আজীবন বাস করার সুযোগ পাবে। এ সেন্টার হোমে তারা থাকা, খাওয়া, চিকিৎসা, ও আইনি সহায়তা পাবে। এখানে তাদের আয়বর্ধক কর্মকাণ্ডে সম্পৃক্ত করার ব্যবস্থা থাকবে। এখানকার উৎপাদিত পন্য সরাসরি ব্যবহারকারী বা বানিজ্যিক প্রতিষ্ঠানের

কাছে বিক্রয় করা হবে। পন্য বিক্রয় থেকে অর্জিত লভ্যাংশ প্রতিবন্ধী ব্যক্তিরাও পাবে।

কমপ্লেক্সে সেবা গ্রহনকারীরা যাতে স্বল্প খরচে আসতে পারে সেদিকে লক্ষ্য রেখে স্থান নির্বাচন করা হয়েছে। প্রাথমিক অবস্থায় এ কমপ্লেক্স থেকে রাজশাহী ও পার্শ্ববর্তী জেলা সমূহের প্রতিবন্ধী জনগন সেবা গ্রহনের সুযোগ পাবে এবং পরবর্তীতে সমাধি উত্তরাঞ্চলের প্রতিবন্ধীরা যাতে সেবা গ্রহন করতে পারে, সেভাবে কার্যক্রম সম্প্রসারণ করা হবে। এ প্রকল্পটি অত্যন্ত ব্যয় বহুল। শুধু তরী ফাউণ্ডেশনের

পক্ষে এই কমপ্লেক্সের পূর্ণাঙ্গ রূপ দেয়া সম্ভব নয় এর জন্য প্রয়োজন সরকারী ও বেসরকারী পৃষ্ঠপোশকতা। সকলের সহযোগীতা পেলে সীমিত সময়ের মধ্যে এর পূর্ণাঙ্গ রূপ দেয়া সম্ভব হবে।

প্রতিবন্ধী জনগোষ্ঠি সমাজের কাছে এমন একটি সুযোগ প্রত্যাশা করে যাতে তাদের অন্যের মুখাপেক্ষ হয়ে বেচে থাকতে না হয়। তাই সকলের কাছে আমার উদার্ত আহ্বান আপনারা যে যে অবস্থানে থাকুননা কেন সমাজের একজন হিসাবে এগিয়ে আসুন যাতে প্রতিবন্ধীরা স্বনির্ভর হওয়ার সুযোগ পায়। এ কমপ্লেক্স প্রতিষ্ঠায় যারা নির্ধারিত অংকের আর্থিক সহযোগীতা প্রদান করবেন সহযোগীতার নির্দশন স্বরূপ তাদের নাম কমপ্লেক্সে রাখিত ফলকে লেখা থাকবে। এব্যাপারে আমাদের সাথে যোগাযোগ [taurif@agnionline.com](mailto:taurif@agnionline.com) করলে বিস্তারিত জানানো হবে। আমাদের ওয়েব সাইট [www.taurifoundation.org](http://www.taurifoundation.org) থেকেও প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারেন।

সবার কাছে আমাদের বিনিত  
অনুরোধ শুধু প্রতিবন্ধী  
জনগোষ্ঠি উপকারেই নয়  
আমাদের সমাজকে আরো  
গতিশীল করতে আর  
আমাদের নিজেদের স্বার্থেই  
আমরা যেন এই কমপ্লেক্স  
প্রতিষ্ঠার এগিয়ে আসি। মনে  
রাখতে হবে দেশের ১০%  
প্রতিবন্ধী জনগোষ্ঠিকে বাদ  
দিয়ে সমাজ বা দেশের উন্নয়ন  
কখনই সম্ভব নয়।

